সমকাল

তারিখ: 31 JAN 2018
পৃষ্ঠা: ৪ কলাম: ৫

# ২৫ স্কুলশিক্ষককে ঢাকার বাইরে বদলি

■ সমকাল প্রতিবেদক

বছরের পর বছর ধরে ঢাকায় চাকরি করে কোচিং বাণিজ্য চালিয়ে যাওয়া পাঁচ সরকারি স্কুলের ২৫ শিক্ষককে ঢাকার বাইরে বদলি করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) সোমবার এই আদেশ জারি করেছে। দুর্নীতি দমন কমিশনের (দুদক) সুপারিশের ভিত্তিতেই এই শিক্ষকদের বিভিন্ন জেলায় বদলি করেছে সরকার।

## কোচিং বাণিজ্য

মাউশির এ-সংক্রান্ত আদেশে বলা হয়, বদলি হওয়া শিক্ষকদের আগামী ২ ফেব্রুয়ারির মধ্যে তাদের পুরনো কর্মস্থল ছাড়তে হবে। বদলি হওয়া শিক্ষকদের মধ্যে মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ১২ জন, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের তিনজন, গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুলের আটজন এবং নিউ গভর্নমেন্ট হাই স্কুল ও খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়ের একজন করে শিক্ষক রয়েছেন। বছরের পর বছর ধরে এক শিক্ষা প্রতিষ্ঠানে থেকে 'কোচিং বাণিজ্যের' মাধ্যমে অর্থ উপার্জনের অভিযোগে রাজধানীর আট প্রতিষ্ঠানের মোট ৯৭ জন শিক্ষকের বিরুদ্ধে 'শাস্তিমূলক' ব্যবস্থা নেওয়ার সুপারিশ করেছিল দুদক। গত বছরের ডিসেম্বরে শিক্ষা মন্ত্রণালয়ের পাশাপাশি সেসব প্রতিষ্ঠানের প্রধান, পরিচালনা পর্ষদ এবং মন্ত্রিপরিষদ সচিবকেও দুদকের পক্ষ থেকে চিঠি পাঠানো হয়েছিল। ওই চিঠিতে বলা হয়, এমপিওভুক্ত চারটি শিক্ষা প্রতিষ্ঠানের ৭২ জন শিক্ষক এবং সরকারি চারটি বিদ্যালয়ের ২৫ জন শিক্ষক কোচিং বাণিজ্যে যুক্ত বলে দুদক প্রমাণ পেয়েছে।

দুদক বলছে, দীর্ঘদিন একই প্রতিষ্ঠানে থেকে এই শিক্ষকরা কোচিং বাণিজ্যে জড়িয়েছেন এবং 'অনৈতিকভাবে' অর্থ উপার্জন করে আসছেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........................
তারিখ.........................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিস্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর